

ইতিহাস এষণা

৩

সম্পাদনা
সিদ্ধার্থ গুহ রায়



বঙ্গীয় ইতিহাস সমিতি কলকাতা

ইতিহাস এষণা

৩

সম্পাদনা
সিদ্ধার্থ গুহ রায়



জাতীয় ইতিহাস সমিতির অঙ্গসংস্থা

Itihas Eshana

3

ইতিহাস ও ইতিহাস আশ্রিত বিষয় নির্ভর আন্তর্জাতিক
আলোচনাচক্রে পঠিত গবেষণাধর্মী আন্তর্বিদ্যাশৃঙ্খলামূলক
বিশেষজ্ঞ শংসায়িত নির্বাচিত প্রবন্ধাবলী

A collection of peer-reviewed selected interdisciplinary research papers pre-
sented at the International Conferance of Bangiya Itihas Samiti Kolkata held at
Sanskrit College and University, Kolkata on 24th and 25th August 2019

ISBN : 978-81-929386-9-1

প্রথম প্রকাশ

২৫ মার্চ, ২০২২

কপিরাইট

বঙ্গীয় ইতিহাস সমিতি, কলকাতা

প্রকাশক

বঙ্গীয় ইতিহাস সমিতির কলকাতা-র পক্ষে কানাইলাল চট্টোপাধ্যায় কর্তৃক
কলকাতা ৭০০ ০০৭ থেকে প্রকাশিত

বর্ণসংস্থাপন: সম্পাদনা ও পরিমার্জন
বিকাশ চৌধুরী

মুদ্রণ

নিম্বার্ক অফসেট

৪এ, পটলডাঙ্গা সিট্রিট

কলকাতা ৭০০ ০০৯

মূল্য ৮০০.০০

- ✓ ৩৫. স্বাস্থ্য সচেতনতা ও একটি সংগঠন : প্রসঙ্গ মুর্শিদাবাদ জেলা বিজ্ঞান পরিষদ ২৬৯
শুভেন্দু বিশ্বাস
৩৬. কল্যাণীর নগর পরিকল্পনায় পরিবেশ ভাবনা ২৭৬
প্রণব মিস্ত্রী
৩৭. উত্তরবঙ্গে তামাক চাষের বাণিজ্যিক গুরুত্বের ক্রমাবনতি: প্রসঙ্গ উত্তর ২৮৪
স্বাধীনতা কালপর্ব
চন্দন অধিকারী
৩৮. অল ইন্ডিয়া ইন্সটিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ ও ভারতীয় ২৯২
সমাজে তার প্রভাব (১৯৩২-১৯৮২)
শিল্পী দত্ত
৩৯. স্বাধীনতা উত্তর-পর্বে চটকল শ্রমজীবীদের রাজনৈতিক জীবন : ২৯৯
প্রসঙ্গ ব্যারাকপুর শিল্পাঞ্চল (১৯৪৭-২০১১)
শত্রুঘ্ন কাহার
৪০. শঙ্খ : মুর্শিদাবাদের একটি ঐতিহ্যবাহী অসংগঠিত শিল্প ও ৩০৭
তার শ্রমিকের সন্ধান (১৯৪৭-২০১১)
প্রসেনজিৎ মুখোপাধ্যায়
৪১. বাংলাদেশে বিরাজিত ভাষাসমস্যার চালচিত্র ও তা নিরসনকল্পে ৩১৬
প্রয়োজনীয় ভাষানীতির রূপরেখা
এ.বি.এম. রেজাউল করিম ফকির
৪২. চট্টগ্রাম পার্বত্য অঞ্চলে ঔপনিবেশিক শাসন প্রতিষ্ঠার সূচনা পর্ব ৩২৭
আনন্দ বিকাশ চাকমা
৪৩. নেপালে ভারতীয় বংশোদ্ভূতদের রাজনৈতিক অধিকার আন্দোলন ৩৩৭
অরুণ ঘোষ ও আনন্দ গোপাল ঘোষ

স্বাস্থ্য সচেতনতা ও একটি সংগঠন : প্রসঙ্গ মুর্শিদাবাদ জেলা বিজ্ঞান পরিষদ

শুভেন্দু বিশ্বাস*

সারসংক্ষেপ : বিজ্ঞান জনপ্রিয়করণ ও বিজ্ঞান মনস্কতার বিকাশ ঘটানোর লক্ষ্যে ১৯৭০ এর দশকে পশ্চিমবঙ্গে বিজ্ঞান আন্দোলনের বিকাশ ঘটে। প্রতিষ্ঠিত হতে থাকে বিজ্ঞানের সংগঠন। বিজ্ঞানের দৌলতে এই সভ্যতা উন্নতির চরমতম সীমায় অবস্থান করেছে। মানুষের মধ্যে অন্ধবিশ্বাস, কুসংস্কার ইত্যাদি বিষয়গুলি দূর করে, যুক্তিবাদী করে তুলতে বিজ্ঞানের অবদান অনস্বীকার্য। বিজ্ঞান আন্দোলনের কথা বললে প্রসঙ্গ ক্রমে স্বাস্থ্যের কথাও চলে আসে। কারণ অন্ধবিশ্বাসের সাথে স্বাস্থ্য নিয়ে অসচেতনতার গভীর সম্পর্ক রয়েছে। আর মুর্শিদাবাদের মতো শিক্ষার দিক থেকে অনগ্রসর জেলাতে মানুষের স্বাস্থ্য সচেতনতার অভাব একটি গুরুতর সমস্যা হিসেবে বিবেচিত হয়। স্বাস্থ্য সচেতনতার বিকাশে জেলার বিজ্ঞান আন্দোলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই ভূমিকা পর্যালোচনা করার ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হবে মুর্শিদাবাদ জেলা বিজ্ঞান পরিষদের অবদানের উপর। মুর্শিদাবাদ জেলাতে প্রথম বিজ্ঞানের সংগঠন 'মুর্শিদাবাদ জেলা বিজ্ঞান পরিষদ' প্রতিষ্ঠিত হয় ১৯৭২ সালে। এই সংগঠনটি জেলাবাসীর স্বাস্থ্য রক্ষার বিষয়ে নানাবিধ কর্মসূচি পরিচালিত করেছিল। আলোচ্য গবেষণা প্রবন্ধে মানুষের স্বাস্থ্য সচেতনতায় তাঁর এই বিজ্ঞান সংগঠনটি কার্যাবলীর ইতিহাস তুলে ধরার প্রয়াস করা হবে।

সূচক শব্দ : বিজ্ঞান, অন্ধবিশ্বাস, কুসংস্কার, স্বাস্থ্য, মুর্শিদাবাদ।

স্বাস্থ্য রক্ষার বিষয়টি মানুষকে বরাবরই ভাবায়। বিজ্ঞানপ্রযুক্তির অভূতপূর্ব উন্নতির সুবাদে মানুষের জীবন যাত্রার মান আগের তুলনায় অনেক পরিবর্তন ঘটছে। ভোগবাদী জীবনে অভ্যস্ত মানুষের স্বাস্থ্য সচেতনতার অভাব একটি গুরুতর চিন্তার বিষয়। বর্তমান সময়ে চিকিৎসা বিজ্ঞানের উন্নতির ফলে বহু দুরারোগ্য-ব্যাধি সহজেই নির্মূল করা সম্ভব। কিন্তু কয়েক দশক পিছিয়ে গেলে অর্থাৎ ১৯৭০ ও ১৯৮০র দশকে এর চরিত্র সম্পূর্ণ ভিন্ন ছিল। মানুষের কোনও ব্যাধি হলে তার জন্য সরকারি চিকিৎসালয়, বেসরকারি নার্সিংহোম ইত্যাদি যেমন রয়েছে। তেমনি গ্রামীণ এলাকায় হাতুড়ে ডাক্তারই ভরসা। রোগ, চিকিৎসালয়, স্বাস্থ্যকেন্দ্র ছাড়াও আরও বেশ কিছু বিষয় রয়েছে যা মানুষের স্বাস্থ্য রক্ষার সাথে অতীব গুরুত্বপূর্ণ। আর সেটা হল সাধারণ মানুষের স্বাস্থ্য সচেতনতা। অন্ধবিশ্বাস, কুসংস্কারের বশীভূত হয়ে মানুষ শুধুমাত্র সচেতনতার অভাবে কোন রোগ হলে জলপড়া, তেলপড়া, ঝাড়ফুক ইত্যাদির আশ্রয় গ্রহণ করেন। তখন তাঁদের স্বাস্থ্য-চেতনার বিষয়টিও অস্বাভাবিক জড়িয়ে যায়। বিজ্ঞানের সংগঠনগুলি অলৌকিক বুজরুকি সম্পর্কে মানুষকে সজাগ করে যুক্তিবাদী করে তোলে। পাশাপাশি মানুষের স্বাস্থ্য নিয়ে থাকে নানাবিধ কর্মসূচি। এক্ষেত্রে বিজ্ঞানের সংগঠনগুলির কাছে বড় আইনি হাতিয়ার হল 'ড্রাগ অ্যান্ড ম্যাজিক রেমেডিস

* কলেজ শিক্ষক, ইতিহাস বিভাগ, পলাশী কলেজ, নদীয়া।